



# ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষৎ

আগরতলা : ত্রিপুরা

## ২০১৬ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

- ১) সমস্ত Regular এবং External পরীক্ষার্থীদের ২০১৬ সালে নতুন সিলেবাসে পরীক্ষা দিতে হবে।
- ২) সমস্ত Continuing, Special, External Special এবং Single subject পরীক্ষার্থীরা পুরনো সিলেবাসে পরীক্ষা দেবে।
- ৩) External-A পরীক্ষার্থীদের ২০১৬ সালে পরীক্ষা দেয়ার জন্য পর্ষদ থেকে অনুমতি অবশ্যই নিতে হবে।
- ৪) ২০১৬ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষা দেয়ার জন্য External A এবং B উভয়কেই বিদ্যালয়ের Test পরীক্ষা পাশ করতে হবে।
- ৫) ২০১৬ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায় এক বিষয়ে Supplementary Examination ৬০ দিনের মধ্যে দেওয়ার সুযোগ আছে।
- ৬) ২০১৬ সালে External B এবং Single subject পরীক্ষার্থীরা প্রাক্টিক্যাল based বিষয়ে উচ্চমাধ্যমিক পরীক্ষায় বসার সুযোগ পাবে। তার জন্য নূনতম ৩ মাস নিজ নিজ স্কুলে প্রাক্টিক্যাল ক্লাস করতে হবে এবং প্রাক্টিক্যাল পরীক্ষায় পাশ করতে হবে।
- ৭) ২০১৬ সালে যারা উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবে তাদের Enrollment Certificate-এ উল্লেখিত বিষয়গুলিতেই পরীক্ষা দিতে হবে। কোন বিষয়ে এর ব্যতিক্রম হলে সেই বিষয়ের পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ৮) ২০১৬ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায় Review-র জন্য সর্বোচ্চ তিনটি বিষয় পর্যন্ত আবেদন করা যাবে।
- ৯) ২০১৬ সালে যে সকল পরীক্ষার্থী External Candidate হিসাবে পরীক্ষা দেবে তাদের, যে সব বিষয়ে Project আছে, Project-এর পরিবর্তে সেই সব বিষয়ে প্রশ্নপত্রে তাদের জন্য অতিরিক্ত প্রশ্ন থাকবে।

বি. দ্র : ২০১৬ সালে Continuing, Special, External Special, Single subject, External এবং Compartmental হিসাবে যারা উচ্চমাধ্যমিক (বা মাধ্যমিক) পরীক্ষা দেবে তাদের সত্বর নিজ নিজ বিদ্যালয়ের সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ জানানো হচ্ছে। বিদ্যালয় কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট সকল ছাত্রছাত্রীদের Annual Calendar ২০১৫-১৬ সম্পর্কে অবগত করানোর জন্য অনুরোধ করা হচ্ছে। Annual Calendar-এ সংশ্লিষ্ট পরীক্ষার Form fill up সংক্রান্ত দিন তারিখ ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করা আছে। নির্ধারিত তারিখের পরে পর্ষদ কোন Form জমা নেবে না।

ড: স্বপন কুমার পোদ্দার  
সচিব, ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ